

উপজেলা চোরাচালান নিরোধ কমিটি, গোয়াইনঘাট, সিলেট এর জানুয়ারী/২০১৫ খ্রিঃ মাসের সভার কার্য বিবরণী :

সভাপতি	: মোহাম্মদ আজিজুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট।
সভার তারিখ ও সময়	: ২৩/০২/২০১৫ খ্রিঃ সময় : ১০.৩০ টা
সভার স্থান	: উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।
সভার উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'
সভার অনুপস্থিতি	: পরিশিষ্ট 'খ'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।  
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন : গত জানুয়ারী/২০১৫ খ্রিঃ মাসের সভার কার্য বিবরণী সভায় পাঠ ও উপস্থাপন করা হয় এবং কোনরূপ সংশোধনী ছাড়াই তা অনুমোদিত হয়।

**সার্বিক চোরাচালান পরিস্থিতি :**

**আলোচনা-১ :** কোম্পানী কমান্ডারগণ কর্তৃক দাখিলকৃত জানুয়ারী/২০১৫ খ্রিঃ মাসের আটককৃত চোরাচালানী মালামালের সিজার প্রতিবেদন নিম্নরূপঃ

ক্রঃ নং	বিওপির নাম	দায়েরকৃত মামলা সংখ্যা	মালিক বিহীন মামলা সংখ্যা	মালিক সহ মামলা সংখ্যা	আটককৃত আসামীর সংখ্যা	আটককৃত মালামালের মূল্য	ধ্বংসকৃত মালামালের মূল্য	জব্দকৃত মালামালের মূল্য	মন্তব্য
১	তামাবিল	০২	০২	---	---	২৫,৫০০/=	---	২৫,৫০০/=	
২	সংগ্রাম								
৩	প্রতাপপুর								
৪	বিছনাকান্দি	০৬	০৬	---	---	৩,৭৯,৩০০/=	---	৩,৭৯,৩০০/=	
৫	সোনারহাট	০৪	০৪	---	---	১,২২,৫০০/=	---	১,২২,৫০০/=	
					মোট	৫২৭৩০০/=		৫,২৭,৩০০/=	

**গুদাম কর্মকর্তা, তামাবিল এলসি স্টেশন, গোয়াইনঘাট, সিলেট জানান যে, জানুয়ারী /২০১৫ খ্রিঃ মাসের চোরাচালানী আটককৃত মালামাল নিম্নরূপঃ**

ক্রঃ নং	মামলার সংখ্যা	আটককারী বিওপি	মালামাল	আটককৃত মালামালের মূল্য	আটককৃত আসামীর সংখ্যা	আসামী / আসামী বিহীন	মন্তব্য
১		তামাবিল	---	---	---	---	
২		সংগ্রাম	---	---	---	---	
৩		প্রতাপপুর	---	---	---	---	
৪		বিছনাকান্দি	---	---	---	---	
৫		সোনারহাট	---	---	---	---	

**সিদ্ধান্ত -১ :** চোরাচালান প্রতিরোধে আরো অধিক তৎপর হওয়ার জন্য বিজিবি ও কাস্টমস বিভাগকে অনুরোধ জানানো হয় এবং আটককৃত মালামাল যথাযথ প্রক্রিয়ায় নীলাম করে সরকারী কোষাগারে তৎহতে প্রাপ্ত অর্থ জমাদানের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা-২ :** তামাবিল বিওপি কমান্ডার জানান যে, কোন বাংলাদেশী লোক যেন সীমান্তবর্তী পিলার অতিক্রম করে ভারতীয় পান সুপারি চোরাচালান করতে না পারে এবং বাংলাদেশী লোক যেন জ্বালানী তেল এবং ইউরিয়া সার ভারতে পাচার করতে না পারে সে ব্যাপারে সীমান্ত এলাকার সীমান্তবর্তী ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন।

সীমান্তবর্তী ইউপি চেয়ারম্যানগণ আলোচনায় অংশ গ্রহন করে জানান যে, বাংলাদেশী কোন লোক ন্যোম্যান ল্যান্ড অতিক্রম না করার জন্য সচেতনতামূলক কার্যক্রম গ্রহন করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সীমান্তবর্তী এলাকায় ১৫০ গজের মধ্যে পাথর উত্তোলন নিষিদ্ধ। তাই তিনি পাথর উত্তোলন বন্ধ করার জন্য পুলিশ, বিজিবি সহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্ত -১ :** সকল বিওপি কমান্ডার সীমান্তবর্তী ইউপি চেয়ারম্যানদের সাথে আলোচনা করে স্থানীয় জনগণকে সতর্ক করার উদ্দেশ্যে সভার আয়োজন করবেন এবং উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেটকে সভার তারিখ অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত -২ :** ভারতীয় পান, সুপারি, কমলা চোরাচালান রোধে সীমান্তে বিজিবি আরো কঠোর দৃষ্টি রাখবেন এবং সীমান্তবর্তী সকল ইউপি চেয়ারম্যান সীমান্ত এলাকার জনগণকে সতর্ক করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত -৩ :** জ্বালানী তেল যাতে ভারতে পাচার না হয় সে বিষয়ে বিজিবি কমান্ডারগণ, অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা এবং সুপারিস্টেশনডেপুটি, তামাবিল এলসি স্টেশন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত - ৪ : বিছনাকান্দি ক্যাম্প কমান্ডার, বিছনাকান্দি গোচর থেকে যাতে কেহ কোন পাথর উত্তোলন করতে না পারে সে বিষয়ে টহলের ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় ।

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বাক্ষর

(মোহাম্মদ আজিজুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা চোরাচালান নিরোধ কমিটি

গোয়াইনঘাট, সিলেট ।

স্মারক নং উনিঅকা/গোঃঘাট/২০১৫- ২৪৭ (২৭)  
অনুলিপি সদয় অবগতির জন্য (জৈষ্ঠতার ভিত্তিতে নয়) :

তারিখ : ২৬/০২/২০১৫ খ্রিঃ

০১। যুগ্ম সচিব (সীমান্ত), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

০২। জেলা প্রশাসক, সিলেট ।

০৩। পুলিশ সুপার, সিলেট ।

০৪। কমান্ডিং অফিসার, ৫বর্ডার গার্ড বাংলাদেশ, আখালিয়া, সিলেট ।

০৫। ডেপুটি কমিশনার, কাস্টমস বিভাগ, সিলেট ।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট ।

অবগতি ও কার্যার্থেঃ

০৭। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট ।

০৮। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট ।

০৯। কোম্পানী কমান্ডার, তামাবিল, গোয়াইনঘাট, সিলেট ।

১০। ক্যাম্প কমান্ডার (সকল), বিজিবি, গোয়াইনঘাট, সিলেট ।

১১। সুপারিন্টেনডেন্ট, তামাবিল এলসি স্টেশন, গোয়াইনঘাট, সিলেট ।

১২। চেয়ারম্যান, ১নং রুম্বুমপুর ইউপি/ ২নং পশ্চিম জাফলং/ ৩নং পূর্ব জাফলং ইউপি/ গোয়াইনঘাট, সিলেট ।

স্বাক্ষর

উপজেলা নির্বাহী অফিসার

গোয়াইনঘাট, সিলেট ।

ফোন: ০৮২২৮-৫৬০০১

unogowainghat@mopa.gov.bd

স্বাক্ষর